গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
প্লট-এফ ১/এ, আগারগাঁও
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
(কর প্রশাসন-২ শাখা)
www.nbr.gov.bd

সিস্টেমস ম্যানেজার দপ্তর
ডাইরী নং ...
তারিখ ২৪/০১/২৬
জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০২.২৬.১০

তারিখ: ২৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

## প্রজ্ঞাপন

যেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ, কর পরিদর্শক, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা-কে জাতীয় রাজস্ব বোর্ডের স্মারক নম্বর-০৮.০১.০০০০.০২০.০১.২৫৪.২০২০/১০৪(৫) তারিখঃ ২৪/০৪/২০২৩ খ্রিঃ মোতাবেক ১৯৫৯ নির্ধারীত ছুটি বিধিমালা, ১৯৫৯ এর ৩(১)(২)(বি) বিধি মোতাবেক ২৬/০৪/২০২৩ খ্রিঃ হতে ২৪/০৬/২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা ছুটি ভোগের তারিখ হতে ০২(দুই) মাস তাঁর স্ত্রী অন্তঃস্বত্তা (যমজ সন্তান) ও জরায়ু টিউমার (Fibroid) এ আক্রান্ত হওয়ায় স্ত্রীর পরিচর্যা ও তার পাশে থাকার জন্য বহিঃবাংলাদেশ (যুক্তরাষ্ট্র) ছুটি মঞ্জুর করা হয়।

০২। যেহেতু, বহিঃবাংলাদেশ (যুক্তরাষ্ট্র) ছুটি ভোগ শেষে ২৫/০৬/২০২৩ খ্রিঃ তারিখ বর্তমান কর্মস্থলে যোগদান করার কথা থাকলেও যোগদান না করে বহিঃবাংলাদেশ (যুক্তরাষ্ট্র) এ থাকা অবস্থায় ছুটি শেষ হয়ে যাওয়ায় পরবর্তীতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যম ব্যতিরেকে ২৫/০৬/২০২৩ খ্রিঃ হতে ২৪/১২/২০২৩ খ্রিঃ পর্যন্ত ০৬(ছয়) মাস বিনা বেতনে বহিঃবাংলাদেশ ছুটি বর্ধিতকরণের জন্য আবেদনপত্র প্রেরণ করেন। সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী অনুমতিসহ দেশ ত্যাগ করিবার পর অনুমোদিত সময়ের অতিরিক্ত ৬০ (ষাট) দিন বা তদূর্ধ্ব সময় অননুমোদিতভাবে বিদেশে অবস্থান করার কোন বিধান নেই। কিন্তু ছুটি ভোগের ০৩ (তিন) মাস অতিবাহিত হওয়ার পরও তিনি উর্ধ্বতন কর্তৃপক্ষের অনুমোদন ব্যতিরেকে কর্মস্থলে অনুপস্থিত ছিলেন।

০৩। যেহেতু, বর্ণিত বিষয়ে জবাব প্রদানের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের ২৩/০৮/২০২৩ খ্রিঃ তারিখের ০৮.০১.০০০০.০২০.০১.০৪৭.১৮/২১৭ নং স্মারকমূলে জারীকৃত কারণ দর্শানোর নোটিশ উক্ত কর্মকর্তার ব্যক্তিগত ই-মেইল (rouf1810@gmail.com) এ প্রেরণ করা হয়। যুক্তরাষ্ট্রে অবস্থান করে ই-মেইল যোগে কারণ দর্শানোর নোটিশ প্রাপ্তির বিষয়ে অত্র দপ্তরের সাথে মোবাইল যোগে স্বীকারোক্তি প্রদান করা সত্ত্বেও ১০ কর্ম দিবসের মধ্যে কারণ দর্শানোর নোটিশের জবাব প্রদান করেননি। পরবর্তীতে জাতীয় রাজস্ব বোর্ডের কর প্রশাসন-০২ শাখার ১২/০৮/২০২৩ খ্রি: তারিখের ০৮.০১.০০০০.০২০.০১.০৪৭.১৮.২৩৫ ও ২৩৬ নং স্মারকমূলে তাঁর বিরুদ্ধে অভিযোগ বিবরণী ও অভিযোগনামা প্রেরণ করা হয়।

০৪। যেহেতু, বিভাগীয় মামলার অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণের পরিপ্রেক্ষিতে তিনি নির্ধারিত সময়ের মধ্যে সশরীরে উপস্থিত হয়ে জবাব প্রদান বা আত্মপক্ষ সমর্থনে কোন লিখিত বক্তব্য প্রদান করেননি। কাজেই তাঁর বিরুদ্ধে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত জাতীয় রাজস্ব বোর্ডের ১০/০২/২০২৫ খ্রি: তারিখের ০৮.০১.০০০০.০২০.০১.০৪৭.১৮/৩১৩ নং স্মারকমূলে অতিরিক্ত কর কমিশনার, পরিদর্শী রেঞ্জ-২, কর অঞ্চল-১৪, ঢাকা-কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, তাঁর বিরুদ্ধে আনীত "অসদাচরণ" ও "ডিজারশন'' এর অভিযোগের সত্যতা প্রমাণিত হয়েছে।

০৫। যেহেতু, তিনি বিনা অনুমতিতে ৬০ (ষাট) দিন বা ততোধিককাল কর্মস্হলে অনুপস্থিত ছিলেন, সেহেতু তাঁকে সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) ও ৩(গ) বিধি অনুযায়ী "অসদাচরণ" ও "ডিজারশন'' এর দায়ে অভিযুক্ত করে কেন সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর বিধি-৪(৩)(গ) মোতাবেক সরকারি চাকরি থেকে অপসারণ করা হবে না এ বিষয়ে দ্বিতীয়বার কারণ দর্শানোর জন্য নোটিশ প্রদান করা হয়। দ্বিতীয় কারণ দর্শানোর নোটিশের প্রতিউত্তরে প্রস্তাবিত শাস্তির বিরুদ্ধে তিনি কোন জবাব প্রদান করেননি।

০৬। যেহেতু, তাঁর বিরুদ্ধে প্রস্তাবিত শাস্তি প্রদানের বিষয়ে বাংলাদেশ সরকারি কর্ম কমিশন এর পরামর্শ চাওয়া হলে কমিশন ''চাকরি হতে অপসারণ' দন্ড প্রদানের সিদ্ধান্ত সাথে একমত পোষণ করে;

০৭। সেহেতু, জনাব মোঃ আব্দুর রউফ, কর পরিদর্শক, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ২০১৮ এর ৪(৩)(গ) বিধি মোতাবেক কর্মস্থলে অননুমোদিত অনুপস্থিতির তারিখ অর্থাৎ ২৫/০৬/২০২৩খ্রিঃ তারিখ হতে ''চাকরি হতে অপসারণ (Removal from Service)" দন্ড প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৩-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)

নম্বর: ০৮.০১.০০০০.০০০.০২০.০৩.০০০২.২৬.১০/১ (১৭)

তারিখ: ২৯ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ
১৩ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সচিব, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

৩। সচিব, বাংলাদেশ সরকারী কর্ম কমিশন সচিবালয়, আগারগাঁও, শেরেবাংলা নগর ঢাকা।

৪। সদস্য (কর প্রশাসন ও মানব সম্পদ ব্যবস্থাপনা/বোর্ড প্রশাসন/কর নীতি/কর আপীল ও অব্যাহতি/করজরীপ ও পরিদর্শন/লিগ্যাল এন্ড এনফোর্সমেন্ট/কর অডিট/ইন্টেলিজেন্স এন্ড ইনভেস্টিগেশন/কর তথ্য ব্যবস্থাপনা সেবা/ 'ইন্টারন্যাশনাল ট্যাক্সেস), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

৫। মহাপরিচালক, সেন্ট্রাল ইন্টেলিজেন্সসেল, জাতীয় রাজস্ব বোড, ঢাকা/কর পরিদর্শন পরিদপ্তর, ঢাকা/বিসিএসকর একাডমী, ঢাকা/আয়কর গোয়েন্দা ও তদন্ত ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/উৎসে কর ব্যবস্থাপনা ইউনিট, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা/ই-ট্যাক্স ম্যানেজমেন্ট ইউনিট, জারাবো, ঢাকা।

৬। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬/৭/৮/৯/১০/১১/১২/১৩/১৪/১৫/১৬/১৭/১৮/১৯/২০/২১/২২/২৩/২৪/২৫, ঢাকা।

৭। কর কমিশনার, বৃহৎ করদাতা ইউনিট/কেন্দ্রীয় জরিপ অঞ্চল, বাংলাদেশ, ঢাকা।

৮। কর কমিশনার, কর অঞ্চল-রাজশাহী/খুলনা/সিলেট/বরিশাল/রংপুর/গাজীপুর/ময়মনসিংহ/নারায়ণগঞ্জ/বগুড়া/কুমিল্লা কক্সবাজার/যশোর/কুষ্টিয়া/নোয়াখালী/দিনাজপুর/ফরিদপুর/নরসিংদী।

৯। কর কমিশনার, কর অঞ্চল-১/২/৩/৪/৫/৬, চট্টগ্রাম।

১০। কর কমিশনার (আপীল), কর আপীল অঞ্চল-১/২/৩/৪, ঢাকা/খুলনা/চট্টগ্রাম/রাজশাহী।

১১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (তাঁকে ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।

১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।

১৩। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৪। উপ পরিচালক, বাংলাদেশ ফরমস এবং প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)।

১৫। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক, ............................/ জেলা হিসাবরক্ষণ অফিসার, ...............................।

১৬। জনাব মোঃ আব্দুর রউফ, কর পরিদর্শক, সার্কেল-২৯০, কর অঞ্চল-১৪, ঢাকা।

১৭। অফিস কপি, গার্ড ফাইল।

১৪-০১-২০২৬
জি এম আবুল কালাম কায়কোবাদ
সদস্য (কর প্রশাসন ও মানবসম্পদ ব্যবস্থাপনা)